

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৭৯

আগরতলা, ২১ মে, ২০২৪

**রাজ্যের বিভিন্ন জেলায় কীটনাশক্যুক্ত মশারি বিতরণ**

জাতীয় পতঙ্গ বাহিত রোগ নিয়ন্ত্রণ প্রকল্পে ম্যালেরিয়া রোগ সংক্রমন প্রতিরোধে রাজ্যের বিভিন্ন জেলায় কীটনাশক্যুক্ত মশারি বিতরণ করা হচ্ছে। রাজ্য গতকাল পশ্চিম ত্রিপুরা জেলায় ৫৪০টি, সিপাহীজলা জেলায় ১২, ৮৪৫টি, খোয়াই জেলায় ৫৪৫টি, গোমতী জেলায় ৭৯,০২৪টি, উত্তর ত্রিপুরা জেলায় ১৬,৭০৬টি, উন্কোটি জেলায় ১, ১৭৮টি ও দক্ষিণ ত্রিপুরা জেলায় ১,২৯,০৮৭টি কীটনাশক্যুক্ত মশারি বিতরণ করা হয়েছে। তাছাড়াও ম্যালেরিয়া প্রতিরোধে আশাকর্মীগণ বাড়ি বাড়ি গিয়ে ম্যালেরিয়া সনাত্তককরণে রক্ত পরীক্ষা ও ম্লাইডে রক্তের নমুনা সংগ্রহ করছেন। তাছাড়াও আশাকর্মীগণ বাড়ি বাড়ি গিয়ে ম্যালেরিয়া প্রতিরোধের উপায় নিয়ে সচেতনতামূলক পরামর্শ দিচ্ছেন। পরিবার কল্যাণ ও রোগপ্রতিরোধক দপ্তরের ভারপূর আধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*